

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: আব্দুল হান্নান, বিভাগীয় কমিশনার, রাজশাহী
 সভার স্থান : বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ
 সভার তারিখ : ০১/১২/২০১৬ খ্রি.
 সময় : বিকাল ৪.০০ টা
 উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান। তিনি বলেন, ২০১৬-১৭ অর্থ বছরের জন্য জেলা প্রশাসকগণের সঙ্গে বিভাগীয় কমিশনার এবং বিভাগীয় কমিশনারের সঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের বিপরীতে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার ২১ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০৮৩.১৬-৫২৮ নং স্মারক পত্রটি নিয়ে আলোচনা করা হয়। বর্ণিত পত্রের সংযুক্ত ছক মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন পরিবীক্ষণের প্রাথমিক/ভিত্তিক অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নৈতিকতা কমিটির গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী প্রতিবেদন দাখিলের জন্য নৈতিকতা কমিটি গঠন বিষয়ে আলোচনা করা হয়।	১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী প্রতিবেদন দাখিলের জন্য নিম্নরূপ নৈতিকতা কমিটি গঠন করা হলো। ক) বিভাগীয় কমিশনার-সভাপতি খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি)-সদস্য গ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত, এ কার্যালয়-সদস্য ঘ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাঠ প্রশাসন শাখা, এ কার্যালয়-সদস্য সচিব ২। নৈতিকতা কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রেরিত কর্মপরিকল্পনা মোতাবেক সভা আয়োজন করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	নৈতিকতা কমিটি

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
 (মো: আব্দুল হান্নান)
 বিভাগীয় কমিশনার
 রাজশাহী

স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৪.২৫.০৩৫.১৬- ১৭৭১

তারিখ: ০৮/১২/২০১৬ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ
৩. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/রাজস্ব/সাধারণ/উন্নয়ন/হিসাব ও নেজারত), এ কার্যালয়
৪. বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫. বিভাগীয় কমিশনারের গোপনীয় সহকারী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

(ড. চিত্রলেখা নাজনীন)
 সিনিয়র সহকারী কমিশনার
 ফোন : ০৭২১-৭৭